যুগান্তর

JAN. 22 2001

তারিখ ...
পৃষ্ঠা ১ ... কলাম ৬

# বোর্ডের অনুমোদন না নিয়ে পুস্তকা বই ছেড়েছে বাজারে

যুগান্তর রিপোর্ট

পুস্তকা গতকাল থেকে বাজারে নামমাত্র সংখ্যক বই ছাড়তে শুরু করেছে। প্রথম পর্বে এক কোটি ৫ লাখ ৫ হাজার বই বাজারে ছাড়ার ঘোষণা দেয়া হলেও শনিবার রাত পর্যন্ত ছাপা ও বাঁধাই হয়েছে মাত্র ১০ লাখ বই। দরপত্রের শর্তানুযায়ী বই ছাপা শেষে তার নমুনা কপি বোর্ডে জমা দেয়ার পর

বই : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## বই : বাজারে

(১ম পৃষ্ঠার পর) বোর্ডের সন্তুষ্টি সাপেক্ষে ছাড়পত্র দিলে বই বাজারজাত করা যাবে। কিন্তু শর্তপূরণ করতে না পারায় বোর্ড বই ছাপা, বাঁধাই ও সরবরাহকারী প্রতিষ্ঠান 'পুস্তকা'-কে ছাড়পত্র দেয়নি। ছাত্রছাত্রী, অভিভাবকদের বিক্ষোভের মুখে পুস্তকা বোর্ডের অনুমতি না নিয়ে পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বাজারে বই ছেড়েছে। গতকাল রাজধানীর বইয়ের মার্কেট বাংলাবাজার, নীলক্ষেত, নিউমার্কেটসহ দেশের বিভিন্ন স্থানে ছাত্রছাত্রী-অভিভাবকরা নতুন বই পাননি। বাংলাবাজারের বইয়ের দোকানিরা বলেছেন, বই কেনার জন্য অনেকেই ভিড় জমিয়েছেন। কিন্তু পুস্তকা একটি বইও সরবরাহ করতে পারেনি।

পাঠ্যপুস্তক বোর্ড সূত্রে জানা গেছে, দরপত্রের শর্তানুযায়ী বোর্ডের অনুমতি ছাড়া বই বাজারে ছাড়া হলে দরদাতা প্রতিষ্ঠানের ৮ কোটি টাকার 'পারফরমেন্স গ্যারান্টি' বাতিল করা হবে এবং ওই প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হবে। তাছাড়া, পুস্তকা এ পর্যন্ত বোর্ডকে ৭৮ কোটি টাকার ছাপার কাজের শতকরা ১০ ভাগ রয়্যালটির ৭ কোটি ৮০ লাখ টাকাও জমা দেয়নি। চুক্তির শর্ত লঙ্ঘন করায় পুস্তকার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পাঠ্যপুস্তক বোর্ড গতকাল জরুরি বৈঠকে মিলিত হয়েও কোন সিদ্ধান্ত নিতে পারেনি। এক সঙ্গে রয়্যালটির টাকা পরিশোধের নিয়ম থাকলেও বোর্ডের কর্মকর্তারা নিয়ম ভঙ্গ করে কিস্তির মাধ্যমে টাকা পরিশোধের যে সুযোগ দিয়েছিল গতকাল ছিল তার প্রথম কিস্তির টাকা জমার তারিখ। প্রথম কিস্তির ২ কোটি টাকাও পুস্তকা গতকাল জমা দিতে ব্যর্থ হয়েছে।